কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 MAY 2026 ,FRIDAY | ২৯ মে ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-176


## কোচবিহারে হসপিটাল এবং ক্যান্সার সেন্টার পরিদর্শনে মেগাস্টার মিঠুন



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৮ মে :** কোচবিহারে এম জে এন মেডিক্যাল কলেজ ও হসপিটাল এবং ক্যান্সার সেন্টার পরিদর্শন করলেন মেগাস্টার বিজেপির মিঠুন চক্রবর্তী।"ক্যান্সার হসপিটাল পরিদর্শননে গিয়ে মিঠুন বলেন, " আমি ভোটের প্রচারে শেষবার কোচবিহারে এসে বলেছিলাম এখানকার ক্যান্সার হসপিটাল তৈরি করতে আমি কিছুটা সাহায্য করেছি, ভোটে জিতলে আমি পুনরায় কোচবিহার এসে এই হসপিটালের উন্নতি প্রকল্পে সাহায্য করবো। সেই কথা আমি রেখেছি। আমার প্রথম উন্নয়নের কাজ শুরু হবে কোচবিহার থেকেই । এরপর তিনি এম জে এন মেডিক্যাল কলেজ ও হসপিটালে গিয়ে এমএসভিপির সাথে হসপিটালের বিভিন্ন বিষয়ে বৈঠক করেন।

## শিশামারা নদীর বাঁধ পরিদর্শন করলেন বিধায়ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** জলদাপাড়া শিশামারা নদীতে অস্থায়ী বাঁধ নির্মাণ হচ্ছে । বৃহস্পতিবার সেই বাঁধ পরিদর্শন করলেন আলিপুরদুয়ার বিধানসভার বিধায়ক পরিতোষ দাস। এই বিষয়ে উল্লেখ্য গত বছর অক্টোবর মাসে বন্যায় শিশামারা নদীর বাঁধ ভেঙ্গে প্লাবিত হয় গোটা শালকুমার এলাকা। তার পরবর্তীতে অস্থায়ী ভাবে বাঁধ কাজ হলে সেটা টেকসই হয়না ভেঙ্গে যায়। তারপর থেকে শিশামাড়া নদীর জল বৃদ্ধি পেলেই আতঙ্কে দিন কাটাতো শালকুমার এলাকার বাসিন্দারা। এখন অস্থায়ী ভাবে বাঁধ নির্মাণ কাজ শুরু হ ওয়ায় কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস ফেলেছে এলাকার জনগণ। এদিন আলিপুরদুয়ার বিধায়ক পরিতোষ দাস বাঁধ নির্মাণের কাজ খতিয়ে দেখে।

## অন্নপূর্ণা যোজনার ফর্ম পাওয়া ও জমার বিষয়ে জানালেন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**সুরজিৎ মালিক ,এই যুগ ,কলকাতা ,২৮ মে :** ২৭শে মে বুধবার থেকে রাজ্যে মহিলাদের আর্থিক সহযোগিতার জন্য "অন্নপূর্ণা যোজনা "চালু হয়েছে। হাওড়ার নবান্ন থেকে এই প্রকল্পের সূচনা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই অন্নপূর্ণা যোজনা নিয়ে মহিলাদের মনে নানান প্রশ্ন জেগেছে , কিভাবে পাবো এই অন্নপূর্ণা যোজনা ফর্ম ? কোথায় জমা দিতে হবে ? এই সমস্ত প্রশ্নের উত্তর দিলেন রাজ্যের নারী ও শিশু কল্যাণ ও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানান ,অনলাইন আর অফ লাইনে অন্নপূর্ণা যোজনা ফর্ম টি পাওয়া যাবে। অফ লাইনে ফর্ম টি পাওয়া যাবে বিডিও অফিস ,পঞ্চায়েত অফিস ও কর্পোরেশন অফিস থেকে। এছাড়া ও ফর্ম টি কর্পোরেশন ও পঞ্চায়েত কর্মীরা বাড়ি বাড়ি দেবে। এছাড়া যদি কেউ নিজে করতে চাইলে ,সে অনলাইন থেকে ফর্ম টি ডাউনলোড করে পূরণ করে কাছাকাছি সরকারি অফিসে জমা করতে পারবে। এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল এর কথায় অন্নপূর্ণা যোজনা ফর্ম নিয়ে মহিলাদের মনে যে প্রশ্ন দেখা দিয়েছিলো সেটার উত্তর সহজেই মিলেছে ।তবে অন্নপূর্ণা যোজনা ফর্ম নিয়ে ইতিমধ্যেই সামাজিক মাধ্যমে বহু ভুল তথ্য দিয়ে মানুষকে বিড়ম্বনায় ফেলার যে প্রচেষ্টা কিছু অসাধু ব্যক্তিদের সেটা যে পুরোপুরি বিফল ,সেটা বলা বাহুল্য।

## চুরি যাওয়া সাইকেল সহ গ্রেপ্তার এক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৮ মে :** দার্জিলিং জেলা পুলিশের বাগডোগরা থানার পুলিশ নির্ভরযোগ্য সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার একটি অভিযান চালিয়ে নয়টি চূরি যাওয়া সাইকেল উদ্ধার করে ও এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গেছে বুধবার বাগডোগরা থানা এলাকার রবীন্দ্রনগরের জনৈক বাসিন্দা থানায় এসে তার বাড়ি থেকে একটি সাইকেল চুরি যাওয়ার লিখিত অভিযোগ দায়ের করে। পুলিশ অভিযোগ পেয়ে ঘটনার তদন্ত শুরু করে ও বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকার জ্যোতিনগর এর বাসিন্দা বিশ্বদীপ দেবনাথকে (৩০) গ্রেপ্তার করে। ধৃতের হেফাজত থেকে উদ্ধার হয় নয়টি চুরি যাওয়া সাইকেল। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে বৃহস্পতিবার তাকে আদালতে পেশ করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# এভিভিবিপি এর পক্ষ থেকে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা অভিযান




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার :** আখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এভিবিপি) এর পক্ষ থেকে এসএফডি অর্থাৎ স্টুডেন্ট ফর ডেভেলপমেন্ট মাধ্যমে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে একটি স্বচ্ছতা অভিযান সংঘঠিত হয় । বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের স্বচ্ছতা ও পরিচ্ছন্নতা বজায় রাখতে ক্লিন দ্য কাম্পাস নামকরণ করে এই অভিযানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সাথে শিক্ষক গণ ও সামিল হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ছাত্রছাত্রীদের নেয়া এই উদ্যোগ কে সাধুবাদ জানিয়েছেন।

# তৃণমূল নেতা গ্রেপ্তার না হওয়ায় কাঠগড়ায় পুলিশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** ব্যাপক দুর্নীতিতে জড়িত আলিপুরদুয়ার দুই ব্লকের বেশ কিছু তৃণমূল নেতৃত্বে। ইতিমধ্যেই আলিপুরদুয়ার ২ ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী নারায়ন দাসের নামে অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করেছে পুলিশ। 308(2)/308(3)/318(4)/351(2)/3(5) BNS ধারায় মামলা শুরু করেছে পুলিশ।মামলা শুরু হলেও এখনো পর্যন্ত তাকে ধরতে পারেনি শামুকতলা থানার পুলিশ। ফলে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে সাধারণ বাসিন্দাদের মধ্যেও। চা বাগানের বাসিন্দাদের চা সুন্দরী প্রকল্পের ঘর পাওয়ার কথা কিন্তু চা বাগানের বাসিন্দাদের ঠকিয়ে ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক এবং তৃণমূল নেতৃত্বরা সাধারণ বাসিন্দাদের চা সুন্দরী প্রকল্পের ঘর পাইয়ে দিয়েছেন। ঘর পাইয়ে দেওয়ার অজুহাত দেখিয়ে প্রচুর পরিমাণ টাকা তুলেছেন ঘর প্রাপকদের কাছ থেকে। ইতিমধ্যেই বেশ কয়েকটি অভিযোগ হয়েছে তৃণমূলের নেতা নারায়ণ দাসের নামে। পুলিশ মামলা শুরু করেছে। কিন্তু এখনো পর্যন্ত তাকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। কেন গ্রেফতার হচ্ছে না এই তৃণমূল নেতা তাই নিয়ে চলছে গোটা আলিপুরদুয়ার জেলা জুড়ে জল্পনা। পরিকল্পিতভাবে শামুকতলা থানার পুলিশ কি তাকে আড়াল করে রেখেছে ? প্রশ্ন উঠছে সাধারণ বাসিন্দাদের কাছ থেকেই। যদিও পুলিশ সূত্রে জানা গেছে তার কোন খোঁজ নেই। তবে আমজনতার প্রশ্ন উঠেছে নারায়ন দাস গ্রেপ্তার না হওয়ার পেছনে পুলিশের মদত নেই তো ?

# আর্থিক তছরূপের দায়ে গ্রেপ্তার তৃণমূলের হেভিওয়েট নেতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** আর্থিক তছরূপের অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে। আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২ ব্লকের মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন প্রকল্পের প্রায় ১০ কোটি টাকা তছরূপের অভিযোগে গ্রেফতার করা হয়েছে গ্রাম পঞ্চায়েত এলাকার তৃণমূল নেতা মানস রায়কে। ২০১৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত মানস রায়ের স্ত্রী বুবুন রায় প্রধান থাকাকালীন বিভিন্ন প্রকল্প থেকে এই টাকা তছরুপ করা হয়েছে এমনটাই অভিযোগ তার বিরুদ্ধে। পুলিশ সূত্রে জানা গেছে ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত তার স্ত্রী প্রধানের দায়িত্ব ছিল। বকলমে মানস প্রধানের কাজ সামলেছেন। বিভিন্ন প্রকল্পে বহু বিল বানিয়ে কাজ না করে প্রায় ১০ কোটি টাকা তছরূপের অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে দলীয় প্রভাব খাটিয়ে। ১০০ দিনের কাজ, পোল্ট্রি মুরগির ফার্ম শেড নির্মাণ, গাছ বাগান নির্মাণ, টিপ টিউবওয়েল বসানো সহ বিভিন্ন প্রকল্প থেকে তিনি প্রায় ১০ কোটি টাকা তুলে নিয়েছেন বিভিন্ন অ্যাকাউন্টে। গ্রাম পঞ্চায়েত কর্মী দের সহযোগিতায় এই দুর্নীতিগুলো হয়েছে, পাঁচ বছর ধরে। মানুষ রায় তৃণমূলের আলিপুরদুয়ার জেলা কমিটির যুব সহ সভাপতির দায়িত্বে ছিলেন তখন। ক্ষমতার অপব্যবহার করে এই দুর্নীতি তিনি করেছেন এমনটাই বলছেন এলাকার বাসিন্দা এবং অভিযোগকারী। এদিকে মাঝের ডাবরি এলাকার বাসিন্দারা বৃহস্পতিবার সকালে মানস রায়কে গ্রেফতার করার দরুন পুলিশ অফিসার কে সংবর্ধনা প্রদান করেন এলাকার বাসিন্দারা। এদিকে আলিপুরদুয়ার জেলা আদালতে তৃণমূল নেতাকে তোলার পর সেখান থেকে তাকে নয় দিনের পুলিশ হেফাজতে আনা হয়। পুলিশ সূত্রে খবর ইতিমধ্যেই দুই কোটি পনেরো লক্ষ টাকার তছরূপের কাগজপত্র পুলিশ উদ্ধার করেছে আরো বেশ কিছু কাগজ পুলিশ উদ্ধার করবে জানা গেছে পুলিশের কাছ থেকে।

# কোচবিহারে শান্তি পূর্ণ ভাবে পালিত হোলো ঈদুল আজহা




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৮ মে :** শান্তিপূর্ণ এবং সুশৃঙ্খল ভাবেই কোচবিহার জেলায় পালিত হোলো ঈদুল আজহা। মুসলিম ধর্মাবলম্বীদের এই উৎসব কোরবানির ঈদ বা বকরি ঈদ নামেও পরিচিত। এটি মূলত ত্যাগের উৎসব বলেই উদযাপন করা হয়। কোচবিহার জেলা পরিষদের সহকারী সভাধিপতি এবং জেলার প্রবীণ স্বনামধন্য উকিল আব্দুল জলিল আহমেদ বলেন, " আমরা সরকারি সমস্ত নিয়ম মেনেই এই উৎসব পালন করছি। আমরা কোথাও অশান্তি বা বিরোধ হোক সেটা কখনই চাই না। এই মসজিদের ইমাম এবং অন্যান্য সদস্যদের পক্ষ থেকে শান্তিপূর্ণ ভাবে ঈদুল আজহা পালন করার জন্য কোচবিহারবাসী সহ পশ্চিমবঙ্গবাসীকে অভিনন্দন জানাই।"

# সদ্যোজাতের মৃত্যুর ঘটনায় বিক্ষোভে উত্তাল নকশালবাড়ি গ্রামীন হাসপাতাল চত্বর, অভিযোগ চিকিৎসার গাফিলতির



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৮ মে :** সদ্যোজাতের মৃত্যুর ঘটনায় বুধবার রাত থেকে উত্তাল হয়ে ওঠে নকশালবাড়ি গ্রামীন হাসপাতাল চত্বর। সদ্যোজাতের মৃত্যুর ঘটনায় অভিযোগের তীর হাসপাতালের চিকিৎসক ও নার্সদের প্রতি। জানা গেছে নকশালবাড়ি স্টেশন পাড়া এলাকার এক প্রসূতিকে তার পরিবারের লোকেরা বুধবার বিকালে হাসপাতালে নয়ে আসেন ও জরুরী বিভাগে দেখিয়ে হাসপাতালে ভর্তি করেন। ভর্তির পর সন্ধ্যা নাগাদ প্রসূতি জননীর প্রসব বেদনা শুরু হয়। সেই পরিস্থিতিতে চিকিৎসক ও নার্সদের বারবার জানানো হলেও তাদের কেউ প্রসূতির সহায়তায় আসেননি বলে অভিযোগ পরিবারের লোকজনের। একসময় শয্যাতেই প্রসূতি এক পুত্র সন্তান প্রসব করেন। প্রসবের সময় সদ্যোজাত শিশুটি কান্না করছিলো বলে জানান পরিবারের লোকেরা। তারা আরও জানান কিছুক্ষন পর শিশুটির মৃত্যু হয়। তাদের অভিযোগ যথাযথ চিকিৎসা না পেয়ে এই মৃত্যুর ঘটনা ঘটেছে। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ও নার্সদের গাফিলতির ফলে সদ্যোজাতের মৃত্যু হয়েছে এই অভিযোগ তুলে তারা বিক্ষোভ শুরু করেন হাসপাতাল চত্বরে। ঘটনার সঠিক তদন্ত করে দোষী চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের শাস্তির দাবি জানাতে থাকেন বিক্ষোভ প্রদর্শনকারীরা। খবর পেয়ে নকশালবাড়ি থানার পুলিশ ও নকশালবাড়ি ব্লক স্বাস্থ্য আধিকারিক হাসপাতালে পৌঁছান ও বিক্ষোভকারীদের সাথে কথা বলেন। ব্লক স্বাস্থ্য আধিকারিক ঘটনার যথাযথ তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি দেওয়া হবে এই আশ্বাস দিলে বিক্ষোভকারীরা তাদের বিক্ষোভ তুলে নেন।

# জয়গাঁয় স্থলবন্দর তৈরীর পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** জয়গাঁর পাশাখাগামী সড়কের ধারে স্থলবন্দর তৈরির পরিকল্পনা কেন্দ্রের।সেজন্য ইতিমধ্যেই কিছু বছর পূর্বে পাশাখাগামী সড়কের ধারে থাকা গোটিবাড়ি এলাকার সরকারি জমি চিহ্নিত করা হয়েছে বলেও প্রশাসন সূত্রে খবর। তবে সেই জমিতে দেশ স্বাধীনের আগের থেকেই রয়েছে জনবসতি । ফলে স্থলবন্দর তৈরির জন্য নিজেদের ভিটেমাটি ছাড়তে নারাজ বাসিন্দারা। বৃহস্পতিবার এ নিয়ে বাসিন্দাদের সাথে বৈঠক করেন জেলা ও ব্লক প্রশাসনের কর্তারা এবং কালচিনি বিধায়ক বিশাল লামা। স্থলবন্দর হলে ওই এলাকার বাসিন্দাদের পাশাপাশি, অন্যান্যরাও কর্মসংস্থান পাবেন এবং এলাকার উন্নয়নও হবে।পাশাপাশি, মেঘালয়ের ডাউকির স্থলবন্দরের ভিডিও দেখিয়েও বাসিন্দাদের বোঝানো হয়। তবে প্রশাসনের প্রয়াসের পরও জমি ছাড়াতে নারাজ অধিকাংশ বাসিন্দারাই।জানা গিয়েছে, গত ২০২১ সালে পাশাখাগামী সড়কের ধারে থাকা এই গোটিবাড়ি এলাকার প্রায় ৩০ একর জমি ল্যান্ডস পোর্টস অফ অথরিটিকে হস্তান্তর করেছে তৎকালীন রাজ্য সরকার।এরপর সে সময়ও সেখানে প্রশাসনের সাথে বিতর্কে জড়িয়ে ছিলেন বাসিন্দারা। তাদের পাশে থাকার আশ্বাস দিয়েছিলেন বর্তমান শাসক দলের বিধায়ক বিশাল লামা। এ বিষয়ে এলাকার বাসিন্দারা বলেন, "এর আগেও প্রশাসন তরফে আমাদের থেকে জমির কিছুটা অংশ নেওয়া হয়েছিল। সেসময় একাধিক আশ্বাসের পরও ক্ষতিপূরণ মেলেনি।তাহলে কোন ভরসায় আমরা আমাদের জমি ছাড়বো।" বাসিন্দারা আরও জানান, ব্রিটিশ আমল থেকেই আমরা এখানে রয়েছি। চাষাবাদ করেই আমাদের সংসার চলে।তবে বন্যপ্রাণীর তান্ডবে ইতিমধ্যে অধিকাংশ বাসিন্দা গ্রাম ছাড়লেও তাদের জমি এখনও রয়েছে, এছাড়া বেশ কিছু পরিবার এখনও সেখানে বসবাস করছেন।আমাদের জমির বদলে অন্য জমিতে তারা স্থলবন্দর তৈরি করুক।" যদিও, এ বিষয়ে বিধায়ক বিশাল লামা বলেন, "বাসিন্দাদের ক্ষতি করে কোনো নির্মাণকাজ হবে না। আমরাও তাদের সাথে আছি। ক্ষতিগ্রস্তরা ক্ষতিপূরণ ও পুনর্বাসন পাক সেটাই মূলত চেষ্টা করছি আমরা।"

# উদ্ধার অবৈধভাবে মজুত রাখা মদ ,গ্রেপ্তার এক



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের আলিপুরদুয়ার থানার পুলিশ বৃহস্পতিবার বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানার অন্তর্গত ভোলারডাবরী সুবর্নপুর কলোনীর কাঠ মিল লাগোয়া এলাকায় একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে উদ্ধার হয় ৩৯. ৩০০লিটার মদ। পুলিশ সূত্রে জানা গেছে বাড়ির মালিক অবৈধভাবে এই মদ বিক্রির উদ্দেশ্যে মজুত করে রেখেছিলো। মদ বাজেয়াপ্ত করে বাড়ির মালিককে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও আদালতে পেশ করা হয়েছে। পুলিশ জানায় অবৈধ কার্যকলাপের বিরুদ্ধে এধরনের অভিযান নিয়মিত চালানো হচ্ছে।

# ট্রাফিক পুলিশের উদ্যোগে সচেতনতা শিবির





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** বারবিশা ট্রাফিক পুলিশের উদ্যোগে বড় দলদলি চৌপথীতে সচেতনা মূলক কর্মসূচী করা হল। জানা যায় এদিন বড় দলদলি এলাকার সাধারণ মানুষদের সাথে ট্রাফিক নিয়মাবলী নিয়ে আলোচনা করা হয়।উপস্থিত ছিলেন ট্রাফিক ওসি অনিল কুমার রায় সহ অন্যান্য আধিকারিকরা। এদিন সাধারণ মানুষদের কে ট্রাফিক নিয়ম সমন্ধে জানানো হয় যেমন বাইক এ উঠলে হেলমেট, মদ খেয়ে গাড়ি না চালানো, বাইক এ তিন ডবল না উঠা সহ আরও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এলাকার স্থানীয় বাসিন্দা বলেন আজ ট্রাফিক পুলিশ বড় দলদলি চৌপথীতে ট্রাফিক নিয়মাবলী নিয়ে আলোচনা করে আমরা এই উদ্যোগকে সাধুবাদ জানাই।

# গ্রামীণ পুলিশের বিরুদ্ধে সিভিক ভলেন্টিয়ারের চাকরির জন্য টাকা নেওয়ার অভিযোগ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** গ্রামীণ পুলিশ চাকরি দিবেন সিভিক ভলেন্টিয়ারের। রীতিমতো গ্রামীণ পুলিশ এক আদিবাসী যুবক এর কাছ থেকে ২৫ হাজার টাকা নিয়েছিল ২০১৮ সালে। ইতিমধ্যেই কেটে গেছে ৭ বছর কিন্তু এখনো চাকরি জোটেনি উচ্চশিক্ষিত আদিবাসী যুবকের। বহুদিন যাবত ঐ গ্রামীণ পুলিশ আদিবাসী যুবককে চাকরি দেওয়ার আশা দেখাচ্ছেন। ইতিমধ্যে রাজ্যে পালাবদল হয়ে গেছে । পালাবদল হওয়ার পরেই উচ্চশিক্ষিত যুবক শামুকতলা থানায় এসে অভিযোগ দায়ের করেছেন গ্রামীণ পুলিশের বিরুদ্ধে। পুলিশ ঘটনার তদন্তের আশ্বাস দিয়েছে তবে গ্রামীণ পুলিশের কোন বক্তব্য পাওয়া যায়নি।

# কাট মানির টাকা ফেরত দিল পঞ্চায়েত




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মে :** আবাস যোজনার ঘরের জন্য টাকা নিয়েছিলেন তৃণমূলের পঞ্চায়েত সদস্য । সেই টাকা ফিরিয়ে দিলেন। টাকা জমা রাখলেন বিজেপির বুথ সভাপতি তার নিজের কাছেই। যদিও তৃণমূলের পঞ্চায়েত সদস্য বলেছিলেন তিনি উপভোক্তাদের টাকা ফেরত দেবেন বিজেপির নেতৃত্বের সামনে কিন্তু বিজেপির নেতৃত্ব তাদের কাছেই টাকা রেখে দিয়েছেন। বিজেপির নেতৃত্বরা বলছেন উপভোক্তাদের তারা টাকা ফেরত দিয়ে দেবেন কিন্তু কবে দেবেন কিভাবে দেবেন তা স্পষ্ট নয়। সরকারের বদল হওয়ার পরেই তৃণমূল নেতাদের দুর্নীতির খবর পাওয়া যাচ্ছে একদিকে অভিযোগ হচ্ছে অন্যদিকে গ্রেফতার হচ্ছে তৃণমূল নেতৃত্ব। শামুকতলা থানায় বেশ কয়েকটি অভিযোগ দায়ের হয়েছে তৃণমূলের বিভিন্ন নেতৃত্বের বিরুদ্ধে আবাস যোজনা থেকে টাকা নেওয়ার অভিযোগে। তবে এখন পর্যন্ত পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি । এদিকে কোন অভিযোগ দায়ের হওয়ার আগেই গ্রাম্য সালিশীতেই টাকা ফিরিয়ে দেওয়ার কথা জানিয়েছেন আলিপুরদুয়ার ২ নম্বর ব্লক অফিস এর পাশেই তৃণমূলের পঞ্চায়েত। উল্লেখ্য এক লক্ষ ৭ হাজার টাকা তৃণমূলের পঞ্চায়েত সদস্য ফেরত দিয়েছেন । সেই টাকা গচ্ছিত রয়েছে বিজেপির বুথ সভাপতি এর কাছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |